৪১

দৈনিক ইত্তেফাক

13 MAY 1997
তারিখ
পৃষ্ঠা কলাম ২

## ঢাকা ভার্সিটির মার্কেটিং বিভাগের চেয়ারম্যানের পদত্যাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান ডঃ কাজী শরীফুল আলম গতকাল সোমবার বিভাগীয় চেয়ারম্যানের পদ হইতে পদত্যাগ করিয়াছেন। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলারের নিকট প্রেরিত পদত্যাগপত্রে ডঃ কাজী শরীফুল আলম বলেন, গত ১১ই মে বিশ্ববিদ্যালয় হরতালের জন্য বন্ধ থাকার মধ্যে সমীর কুমার শীল এবং রফিকুল ইসলাম যথাক্রমে দুপুর ও বিকালে আমার বাসায় আসিয়া মার্কেটিং বিভাগে তাহাদের প্রভাষক হিসাবে নিয়োগ পাইবার পত্র দেখায় এবং তাহাদের যোগদানপত্র আমাকে ফরোয়ার্ড করিয়া দিতে বলে। এ প্রসঙ্গে আমি উল্লেখ করিতে চাই যে, সমীর কুমার শীলের বিরুদ্ধে পরীক্ষাতে অসদুপায় অবলম্বনের জন্য তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী সিন্ডিকেট কর্তৃক সমীর কুমার শীল শাস্তি প্রাপ্ত হয় এবং পরবর্তীতে বিভাগীয় শিক্ষক হিসাবে তাহার চাকুরীর আবেদনের প্রেক্ষিতে বিভাগীয় সিএন্ডডি কমিটির আপত্তি এবং সর্বশেষে শিক্ষক নির্বাচনী সভায় সমীর কুমার শীল এবং জনাব রফিকের নির্বাচনের বিরুদ্ধে আমার ভিন্নমত রেকর্ড করা হয়। ইহার পরেও আমি বিভিন্ন সময়ে ব্যক্তিগতভাবে সমীর কুমার শীলের বিরুদ্ধে বিভাগের শিক্ষকদের বিরূপ মনোভাবের কথা আপনাকে জানাইয়াছি। এমতাবস্থায় বিভাগের স্বার্থে চেয়ারম্যান হিসাবে তাহার নিয়োগপত্র গ্রহণ করা আমার পক্ষে সম্ভব নয় এবং বিভাগীয় সিএন্ডডি কমিটি বিভাগীয় শিক্ষকদের মতামতকে উপেক্ষা করিয়া তাহাকে বিভাগের শিক্ষক হিসাবে নিয়োগ প্রদান শিক্ষকতার মত মহান পেশাকে কলংকিত করিবে। ফলে ইহার প্রতিবাদে আমি বিভাগের চেয়ারম্যানের পদ হইতে পদত্যাগ করিতেছি।